

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৪৬.১৩

তারিখঃ ১৩ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ।
২৯ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ অ্যারোনটিক্যাল সেবার উপর মুসক আদায় বিষয়ে নির্দেশনা প্রদান।

- সূত্রঃ (১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) এর পত্র নং- ঢাকা উত্তর/মুসক-বাস্তঃ(সেবা)/সিভিল এভিয়েশন/মুসক আদায়/৪(০৯)/২০১৫/৩১৫৪, তারিখঃ ০৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।
(২) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর পত্র নং- ৩০.০০.০০০০.০১৪.৩২.০০২.২০১৯-৯৫০, তারিখঃ ০৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।
(৩) International Air Transport Association (IATA) এর ২৭ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে অ্যারোনটিক্যাল চার্জসমূহের উপর মূল্য সংযোজন কর হারের প্রযোজ্যতার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা কামনা করা হয়েছে।

২। পত্রসমূহ ও সংশ্লিষ্ট আইনি বিধি-বিধান পর্যালোচনা করা হলো। পর্যালোচনায় দেখা যায়, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৪ এর উপধারা (১১) মোতাবেক আন্তর্জাতিক পরিবহনে সেবা সরবরাহ শূণ্যহার বিশিষ্ট। উক্ত আইনের ধারা ২ এর উপধারা (১২) তে আন্তর্জাতিক পরিবহনের সংজ্ঞা দেয়া হয়েছে যা নিম্নরূপ:

“আন্তর্জাতিক পরিবহন” অর্থ আনুষঙ্গিক পরিবহন সেবা ব্যতিরেকে, সড়ক, নৌ বা আকাশপথে যাত্রী ও পণ্যাদির নিম্নবর্ণিত পরিবহন, যথা:—

- (ক) বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থান হইতে বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থানে পরিবহন;
(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থান হইতে বাংলাদেশের অভ্যন্তরে কোন স্থানে পরিবহন; বা
(গ) বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত কোন স্থান হইতে বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন স্থানে পরিবহন।

৩। আন্তর্জাতিক পরিবহনের সংজ্ঞায় আনুষঙ্গিক পরিবহন সেবাকে অন্তর্ভুক্ত করা হয়নি। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর উপধারা (১১) তে আনুষঙ্গিক পরিবহন সেবার সংজ্ঞা দেয়া হয়েছে, যা নিম্নরূপ:

“আনুষঙ্গিক পরিবহন সেবা” অর্থ জাহাজে পণ্য বোঝাইকরণ বা খালাসকরণ সংক্রান্ত সেবা, পণ্য বাঁধা সংক্রান্ত সেবা, পণ্য পরিদর্শন সংক্রান্ত সেবা, শুল্ক দলিলাদি প্রস্তুতকরণ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত সেবা, কন্টেইনার হ্যান্ডলিং সংক্রান্ত সেবা, পণ্য গুদামজাতকরণ বা সংরক্ষণ সংক্রান্ত সেবা ও অনুরূপ অন্য কোন সেবা।

৪। উক্ত সংজ্ঞা অনুযায়ী, পণ্য বোঝাইকরণ বা খালাসকরণ সংক্রান্ত সেবা, পণ্য বাঁধা সংক্রান্ত সেবা, পণ্য পরিদর্শন সংক্রান্ত সেবা, কন্টেইনার হ্যান্ডলিং সংক্রান্ত সেবা, পণ্য গুদামজাতকরণ বা সংরক্ষণ সংক্রান্ত সেবা ও অনুরূপ অন্য কোন সেবা আন্তর্জাতিক পরিবহন সেবা নয় বরং আনুষঙ্গিক সেবা। বাংলাদেশে দেশীয় ও আন্তর্জাতিক এয়ারলাইন্সগুলো সিভিল এভিয়েশনের নিকট হতে এ আনুষঙ্গিক বন্দর সেবা গ্রহণ করে। এ সেবার বিপরীতে মূল্য সংযোজন কর প্রযোজ্য মর্মে মহামান্য আদালত রায় প্রদান করেন। প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তে বন্দর সেবার (S005.20) সংজ্ঞা নিম্নরূপ:

“বন্দর” অর্থ এমন কোনো উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যে কোনো পণ্য পণের বিনিময়ে বা অন্য কোনোভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় এবং উক্তরূপ যে কোনো পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোনো পণ্যের নিরাপত্তা স্ক্যানিং সেবাসহ পণ্য চালানোর নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD- Inland Container Depot) এবং সিএফএস (CFS- Container Freight Station) ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।

৫। বর্ণিতাবস্থায়, “পণ্য মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা”, “পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ড”, “পণ্যের নিরাপত্তা স্ক্যানিং সেবাসহ পণ্য চালানোর নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড” ইত্যাদি সেবা বন্দর সেবার অন্তর্ভুক্ত হবে। এ সেবাগুলোসহ পণ্য বোঝাইকরণ বা খালাসকরণ সংক্রান্ত সেবা, পণ্য বাঁধা সংক্রান্ত সেবা, পণ্য পরিদর্শন সংক্রান্ত সেবা এবং কন্টেইনার হ্যান্ডলিং সংক্রান্ত সেবা ও অনুরূপ অন্যকোন সেবা মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর উপ-ধারা (১১) মোতাবেক “আনুষঙ্গিক পরিবহন” সেবার সংজ্ঞাভুক্ত, যা আন্তর্জাতিক পরিবহনের সংজ্ঞাভুক্ত নয়। এছাড়া, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৪ এর উপ-ধারা (১১) তে উল্লিখিত যে সকল সেবা আন্তর্জাতিক পরিবহনের ভিতরে ভোগ করা হয় এবং তা দেশের সীমানার বাইরে চলে যায় শুধুমাত্র সে সকল সেবা শূণ্যহার বিশিষ্ট হবে মর্মে গণ্য হবে। এতদ্বিধি অন্যান্য সকল সেবা যা বাংলাদেশের সীমায় ভোগ করা হয় তা মূসক আরোপযোগ্য। সুতরাং, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আন্তর্জাতিক পরিবহন কর্তৃক গৃহীত এবং বাংলাদেশের সীমায় ভোগকৃত অ্যারোনটিক্যাল সেবাসমূহ শূণ্যহার বিশিষ্ট হিসেবে বিবেচিত হবে না। তাই, আলোচ্য ক্ষেত্রে এ সেবাসমূহের বিপরীতে মূসক আদায়যোগ্য হবে। বিষয়টি নির্দেশক্রমে জানানো হলো।


[মো: তারেক হাসান]

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

প্রাপকঃ

চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

কুর্মিটোলা, ঢাকা-১২৩০।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ২-৩। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৬-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ২০। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ২১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ২২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২৩। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ২৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৬। Manager Industry Relationships Bangladesh, International Air Transport Association, 106 Gulshan Avenue, Block No. SE(C), Hosna Center, Suit-210, 2nd Floor, Dhaka-1212.